

## ব্র্যাক ব্যাংকের সঙ্গে ওয়ারিদ-এর চুক্তি

গত ৬ আগস্ট দেশের চতুর্থ বৃহৎ মোবাইল ফোন কোম্পানি ওয়ারিদ টেলিকম তার গ্রাহকদের এসএমএস ব্যাংকিং সেবা দেওয়ার উদ্দেশ্যে ব্র্যাক ব্যাংকের সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে। ব্র্যাক ব্যাংকে লেনদেনকারী ওয়ারিদ টেলিকমের গ্রাহকরা এখন থেকে মোবাইল ফোনের শর্ট মেসেজ সার্ভিস (এসএমএস)-এর মাধ্যমে অতি সহজেই ব্যাংকিংয়ের মৌলিক তথ্যাদি পাবেন। চুক্তি অনুযায়ী গ্রাহকরা তাদের একাউন্ট ব্যালেন্স, সর্বশেষ লেনদেন, ক্রেডিট কার্ড ব্যবহার প্রভৃতি বিষয়ের সর্বশেষ তথ্য শর্ট কোড ৩৯৩৯ এর মাধ্যমে



## হলদিয়া জাগরণী সংঘের লেখক-পাঠক সমাবেশ

গত ১১ জুলাই মুন্সিগঞ্জের লৌহজংগের আলহাজ্ব নান্নু বেপারী পাঠাগারে লেখক-পাঠক-সাংবাদিকদের এক প্রাণবন্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। পাঠকদের সঙ্গে এদেশের স্বনামধন্য লেখক এবং সাংবাদিকদের আলাপচারিতা ও মতবিনিময়ের মধ্য দিয়ে এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। এই ব্যতিক্রমী সমাবেশে উপস্থিত ছিলেন: প্রথিতযশা কথাসাহিত্যিক জ্যোতিপ্রকাশ দত্ত, প্রাবন্ধিক হায়াৎ মামুদ, আবুল হাসনাত, কথাসাহিত্যিক বিপ্রদাশ বড়ুয়া, নাসরীন জাহান, কবি হাবিব উল্লাহ সিরাজী, গল্পকার ও রম্য লেখক হিলাল ফয়েজী, যুগান্তর-এর সাংবাদিক সোহরাব হোসেন এবং পাক্ষিক অন্যান্যদিন-এর নির্বাহী সম্পাদক আবদুল্লাহ নাসের। আরো উপস্থিত ছিলেন আলহাজ্ব নান্নু বেপারী এবং হলদিয়া জাগরণী সংঘের পাঠাগার সম্পাদক বি এম শামীম। উল্লেখ্য, ঢাকা থেকে প্রথিতযশা লেখকরা সমাবেশে যোগ দেয়ার উদ্দেশ্যে রওনা হবার পর পথের মাঝে আলহাজ্ব নান্নু বেপারীর পদ্মা তীরের নজরকাড়া বাড়িতে কিছুক্ষণ সময় কাটান। অতঃপর তারা লৌহজংগ থানার বিপরীতে অবস্থিত পদ্মা রিসর্ট এবং অগ্রসর বিক্রমপুর পাঠাগারটি পরিদর্শন করেন। বিক্রমপুর প্রেস ক্লাবে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায়ও তারা যোগ দেন।



## এফডিসি ও আনন্দ আলোর আয়োজনে জহির রায়হানের জন্মবার্ষিকী পালিত

অন্তর্ধানের ৩৭ বছর পর প্রথমবারের মতো বাংলাদেশের সাহিত্য ও চলচ্চিত্রের প্রবাদপুরুষ, কথাসিঙ্গী ও চলচ্চিত্র নির্মাতা জহির রায়হানের জন্মবার্ষিকী আনুষ্ঠানিকভাবে পালিত হলো। তাঁর ৭২তম জন্মবার্ষিকীতে গত ৫ আগস্ট বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থা (বিএফডিসি) এবং পাক্ষিক আনন্দ আলো যৌথভাবে বিশেষ আলোচনা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করে শিল্পকলা একাডেমিতে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্যসচিব জামিল ওসমান। সভাপতিত্ব করেন এফডিসির ব্যবস্থাপনা পরিচালক আন ম মদরুল আমিন। বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির (বাচসাস) সভাপতি ও পাক্ষিক আনন্দ আলো সম্পাদক রেজানুর রহমানের শুভেচ্ছা বক্তব্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক এবং জহির রায়হানের যুক্তরাজ্য প্রবাসী বোন শাহেনশা বেগম। সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক জহির রায়হানের দেশাত্মবোধ ও আন্তর্জাতিকতার ওপর

আলোকপাত করে বলেন, নির্মাণ শেষ করতে পারলে 'লেট দেয়ার বি লাইট' হতে পারত তার জীবনে শ্রেষ্ঠ কাহিনীচিত্র। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের সময় নির্মিত জহির রায়হানের সাড়া জাগানো 'স্টপ জেনোসাইড' এবং তার সর্বশেষ অসমাপ্ত কাহিনীচিত্র 'লেট দেয়ার বি লাইট'-এর অংশবিশেষ প্রদর্শিত হয়। এছাড়া তাঁকে নিয়ে নির্মিতব্য একটি প্রামাণ্যচিত্র-এর চূষক-অংশ প্রদর্শিত হয়।

## ছোটবেলার যাত্রা শুরু

'নতুন পোশাকে নতুন গল্প' এরকম শ্লোগান ধারণ করে গত ৩০ জুলাই শাহবাগ আজিজ সুপার মার্কেটের নিচতলায় যাত্রা শুরু হলো আরেকটি বুটিক হাউস 'ছোটবেলা'-র। উদ্বোধক চিরতরুণ মডেল শতবর্ষী দাদু। অবশ্য চারুকলার দাদু হিসেবেই বেশি পরিচিত মডেল ও কারুশিল্পী মোমিন আলী মুধা। উদ্বোধনের সময় 'ছোটবেলা'য় দাদুর পাশে উপস্থিত ছিলেন সংসারবিরাগী নাতিদের মধ্যে অকৃতদার কচি খন্দকার, টোকন ঠাকুর, মারজুক রাসেল, প্রাণেশ চৌধুরী, গায়ক রিংকু, রেজা ঘটক প্রমুখ। তবে কৃতদার নাতিদের মধ্যে নজরুল কবীর, রাজীব নূর, রিচার্ড রোজারিও, কনক তালুকদার, শাহীন সৌরভসহ উপস্থিত ছিলেন বেশ ক'জন শিল্পী ও সাংবাদিক।



তাৎক্ষণিকভাবে জানতে পারবেন। এসএমএস ব্যাংকিং হচ্ছে একটি মোবাইল প্রযুক্তি, যার মাধ্যমে যে কেউ তার ব্যাংকিং তথ্যাদি এসএমএস-এর মাধ্যমে জানতে পারেন। ওয়ারিদ টেলিকম তার গ্রাহকদের নতুন নতুন মূল্য সংযোজিত সেবা প্রদানের অঙ্গীকারের অংশ হিসেবে এই সেবা চালু করেছে। ওয়ারিদ টেলিকমের প্রধান নির্বাহী (সিইও) মুনীর ফারুকী এবং ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এ.ই.এ. মুহাইমেন বনানীতে অবস্থিত ওয়ারিদ টেলিকমের করপোরেট হেড অফিসে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন।